রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, জানুয়ারি ১৮, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**উদ্বৃত্ত কর্মচারী শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/১৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস, আর, ও, নম্বর ১২-আইন/২০২০।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯, ধারা ১৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা উদ্বৃত্ত সরকারি কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালাটি সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) কার্যকর হওয়ার তারিখে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন);

(খ) **"উদ্বৃত্ত সরকারি কর্মচারী"** অর্থ আইনের ধারা ২(২) এ উল্লিখিত 'উদ্বৃত্ত সরকারি কর্মচারী';

(গ) **"কার্যালয়"** অর্থ প্রধানমন্ত্রীর কার্যালয়; এবং

(ঘ) **"সরকারি কর্মচারী"** অর্থ আইনের ধারা ২(১৬) এ উল্লিখিত 'সরকারি কর্মচারী'।

৩। **উদ্বৃত্ত ঘোষণা**।—(১) কোনো সরকারি কর্মচারীর পদ প্রশাসনিক পুনর্গঠন, জনবল যৌক্তিকীকরণ বা অন্য কোনো কারণে বিলুপ্ত হইলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ বা কার্যালয় উক্ত পদে কর্মরত কর্মচারীকে উদ্বৃত্ত ঘোষণা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন উদ্বৃত্ত ঘোষণার ক্ষেত্রে উদ্বৃত্ত ঘোষিত সরকারি কর্মচারী তালিকার সর্ব কনিষ্ঠ ব্যক্তিকে প্রথমে এবং পরবর্তীতে উহার ঊর্দ্ধক্রম অনুযায়ী উদ্বৃত্ত ঘোষণা করিতে হইবে।

(৩) এই বিধির অধীন উদ্বৃত্ত ঘোষণার ক্ষেত্রে কোনো শিক্ষাগত যোগ্যতা, কোটা, দক্ষতা বা চাকরির অভিজ্ঞতা বিবেচনা করা যাইবে না।

(৪) এই বিধির অধীন, যতদূর সম্ভব, কোনো মহিলা সরকারি কর্মচারীকে উদ্বৃত্ত ঘোষণা করা যাইবে না।

৪। **উদ্বৃত্ত ঘোষিত কর্মচারীর বেতন, ভাতা, অবসর, সুপারনিউমেরারি পদ, ইত্যাদি**।—(১) কোনো উদ্বৃত্ত ঘোষিত সরকারি কর্মচারী যেই হিসাবরক্ষণ অফিস হইতে সর্বশেষ বেতন ও ভাতা গ্রহণ করিয়াছেন তিনি বিধি ৬ এর অধীন আত্তীকৃত পদে যোগদানের পূর্ব পর্যন্ত সেই হিসাবরক্ষণ অফিস হইতে বেতন, ভাতা, অবসর ও এতদ্‌সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হইবেন।

(২) উদ্বৃত্ত ঘোষণাকারী মন্ত্রণালয় বা বিভাগ বা কার্যালয় কর্তৃক কোনো সরকারি কর্মচারীকে বিধি ৩ এর উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী উদ্বৃত্ত ঘোষণা করিবার পর উক্ত কর্মচারীকে উপ-বিধি (১) এ উল্লিখিত বেতন, ভাতা ও এতদ্‌সংক্রান্ত সুবিধা প্রদানের সুবিধার্থে অবিলম্বে সুপারনিউমেরারি পদ সৃজন করিতে হইবে।

**ব্যাখ্যা:** "সুপারনিউমেরারি পদ" অর্থ উদ্বৃত্ত ঘোষিত কর্মচারীর বেতন, ভাতা ও এতদ্‌সংক্রান্ত সুবিধা প্রদানের সুবিধার্থে নির্দিষ্ট সময়ের জন্য সৃজিত পদ।

৫। **বার্ষিক গোপনীয় প্রতিবেদন**।—উদ্বৃত্ত ঘোষিত কর্মচারীর ক্ষেত্রে বিধি ৩ এর অধীন উদ্বৃত্ত ঘোষণার তারিখ হইতে বিধি ৬ এর অধীন আত্তীকরণের পূর্ব পর্যন্ত সময়ের জন্য বার্ষিক গোপনীয় প্রতিবেদন গ্রহণ বা দাখিলের প্রয়োজন হইবে না।

৬। **উদ্বৃত্ত সরকারি কর্মচারী আত্তীকরণ**।—(১) উদ্বৃত্ত ঘোষণাকারী মন্ত্রণালয় বা বিভাগ বা কার্যালয় উদ্বৃত্ত ঘোষিত কর্মচারীকে উদ্বৃত্ত ঘোষণা আদেশ জারির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজাদিসহ আত্তীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করিবে।

(২) জনপ্রশাসন মন্ত্রণালয় উপ-বিধি (১) এর অধীন প্রস্তাব প্রাপ্ত হইবার পর, যথাশীঘ্র সম্ভব, সংশ্লিষ্ট কর্মচারীকে আত্তীকরণ করিবে।

(৩) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, জনপ্রশাসন মন্ত্রণালয় অন্য কোনো মন্ত্রণালয় বা বিভাগ বা কার্যালয়ের কোনো উদ্বৃত্ত ঘোষিত কর্মচারীকে উহার প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন কোনো দপ্তর বা অফিসের অধীন কোনো পদে আত্তীকরণের ব্যবস্থা গ্রহণের জন্য ক্ষমতা অর্পণ করিতে পারিবে।

(৪) এই বিধির অধীন উদ্বৃত্ত ঘোষিত কোনো কর্মচারীকে আত্তীকরণের ব্যবস্থা গ্রহণের জন্য, যতদূর সম্ভব, উদ্বৃত্ত হইবার অব্যবহিত পূর্বের বেতন স্কেলের সমস্কেলভুক্ত পদে আত্তীকরণ করিতে হইবে।

(৫) এই বিধির অধীন উদ্বৃত্ত ঘোষিত কোনো কর্মচারীকে আত্তীকৃত পদে যোগদানের ক্ষেত্রে উক্ত পদে নিয়োগ প্রাপ্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতার কোনো কিছু সংশ্লিষ্ট আত্তীকৃত কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৬) কোনো সরকারি কর্মচারীকে কোনো পদে একবার আত্তীকরণ করা হইলে উহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। **আত্তীকৃত কর্মচারীর জ্যেষ্ঠতা, বেতন, অবসর ও এতদ্‌সংক্রান্ত সুবিধাদি।**—(১) কোনো সরকারি কর্মচারীকে এই বিধিমালার অধীন আত্তীকরণ করা হইলে তিনি সংশ্লিষ্ট আত্তীকরণকৃত অফিস বা দপ্তরের চাকরি বিধি অনুযায়ী বেতন, অবসর ও এতদ্‌সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হইবেন।

(২) আত্তীকৃত কর্মচারীর আত্তীকৃত পদের জ্যেষ্ঠতা, বেতন, ছুটি, পেনশন এবং আনুতোষিকের জন্য তাহার আত্তীকরণের পূর্ব চাকরিকালের সম্পূর্ণ সময় গণনা করিতে হইবে।

৮। **সরকার কর্তৃক নিয়োগ কার্যক্রম স্থগিতকালীন আত্তীকরণ।**—সরকার কর্তৃক প্রশাসনিক কারণে সাময়িকভাবে কোনো মন্ত্রণালয় বা বিভাগ বা কার্যালয়ে নতুন জনবল নিয়োগের কার্যক্রম স্থগিত থাকিলেও উক্ত মন্ত্রণালয় বা বিভাগ বা কার্যালয়ের অধীন আত্তীকরণ কার্যক্রম চলমান থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd